

আল-কলাম | Al-Qalam | الْقَلَمُ

আয়াতঃ ৬৮ : ১৩

আরবি মূল আয়াত:

عُتِلَّ بَعْدَ ذَلِكَ زَنِيمٌ ﴿١٣﴾

অনুবাদসমূহ:

দুষ্ট প্রকৃতির, তারপর জারজ। — আল-বায়ান

কঠোর স্বভাব, তার উপরে আবার কুখ্যাত। — তাইসিরুল

রুঢ় স্বভাব এবং তদুপরি কুখ্যাত। — মুজিবুর রহমান

Cruel, moreover, and an illegitimate pretender. — Sahih International

১৩. রুঢ় স্বভাব(১) এবং তদুপরি কুখ্যাত(২);

(১) রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “আমি কি তোমাদেরকে জান্নাতবাসীদের স্বভাব-চরিত্র সম্পর্কে জানাব না? প্রতিটি দুর্বল, যাকে লোকেরা দুর্বল করে রাখে বা দুর্বল হিসেবে চলে নিজের শক্তিমত্তার অহংকারে মত্ত হয় না, সে যদি কোন ব্যাপারে আল্লাহর কাছে শপথ করে বসে আল্লাহ সেটা পূর্ণ করে দেন। আমি কি তোমাদেরকে জাহান্নামবাসীদের চরিত্র সম্পর্কে জানাব না? প্রতিটি রুঢ় স্বভাববিশিষ্ট মানুষ, প্রচণ্ড কৃপন, অহংকারী।” [বুখারী: ৪৯১৮]

(২) কোন কোন বর্ণনায় এসেছে, زَنِيمٌ বলে এমন লোক উদ্দেশ্য যার কানের অনেকাংশ কেটে লটকে রাখা হয়েছে। যেমন কোন কোন ছাগলের কানের কর্তিত অংশ লটকে থাকে। [বুখারী: ৪৯১৭]

তাফসীরে জাকারিয়া

(১৩) রুঢ় স্বভাব এবং তার উপর গোত্রহীন; [1]

[1] এখানে কাফেরদের চারিত্রিক অবনতির কথা বলা হচ্ছে, যার কারণে নবী (সাঃ)-কে শিথিলতা করতে নিষেধ করা হয়েছে। এই মন্দ গুণগুলো নির্দিষ্ট কোন এক ব্যক্তির বর্ণনা করা হয়েছে, না সাধারণভাবে সকল কাফেরের? প্রথমটির সমর্থন কোন কোন বর্ণনায় থাকলেও তা প্রামাণিক নয়। সুতরাং উদ্দেশ্য ব্যাপক। অর্থাৎ, এমন সকল ব্যক্তিই উদ্দেশ্য, যার মধ্যে উক্ত (মন্দ) গুণগুলো পাওয়া যাবে। زَنِيمٌ অবৈধ সন্তান (জারজ, গোত্রহীন) অথবা প্রসিদ্ধ ও কুখ্যাত।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=5284>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন